গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
জীবন বীমা ভবন
১০, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.২৯.২২৯.২৬-৪৪২

তারিখ: ২৭ কার্তিক ১৪৩৩ / ১২ নভেম্বর ২০২৬খ্রিঃ

বিষয়: জাতীয় যুব কাউন্সিল এর মনোনয়ন কমিটি গঠন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় যুব কাউন্সিল এর কমিটি গঠনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের ১১/০৮/২০২৬খ্রি: তারিখের ১৯০ নং স্মারকের মাধ্যমে জেলা এবং উপজেলা মনোনয়ন গঠনের জন্য পত্র দেয়া হয়। লক্ষ্যনীয় যে, অদ্যাবধি কোন কোন জেলা ও উপজেলার মনোনয়ন কমিটি গঠন হয়নি। সদয় উল্লেখ্য ইতোমধ্যে জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচনের বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকায় প্রকাশিত হয়েছে।

এমতাবস্থায় যে সকল জেলা ও উপজেলায় জাতীয় যুব কাউন্সিল এর জেলা ও উপজেলা মনোনয়ন কমিটি এখনও গঠন হয়নি সে সকল জেলা ও উপজেলায় জাতীয় যুব কাউন্সিলে মনোনয়ন কমিটি গঠন করে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.১১.২০২৬

মোঃ আঃ হামিদ খান
পরিচালক
(বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

বিতরনঃ-

০১। উপপরিচালক. . . . . সংশ্লিষ্ট জেলা।
০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা. . . . . সংশ্লিষ্ট উপজেলা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। জেলা প্রশাসক (সকল)।
০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। অফিস কপি।

CamScanner